

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, সাভার, ঢাকা
doict.savar.dhaka.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.২০.০০০১.২৫.৬

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাভার, ঢাকা-এ অতিরিক্ত বাজেট বরাদ্দ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাভার, ঢাকা এ ২০২৫-২০২৬ অর্থ বছরে ছকে উল্লেখিত খাতসমূহে নিম্নবর্ণিত হারে জরুরি ভিত্তিতে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন।

খাতের বিবরণ ও কোড	চাহিত বরাদ্দের পরিমাণ	প্রয়োজনীয়তা
কম্পিউটার সামগ্রী (৩২৫৫১০১)	২৫০০০/-	সাভার উপজেলা অফিসের প্রিন্টার ও স্ক্যানারটি ২০১৫-১৬ অর্থবছরে ক্রয় করা হয়। বর্তমানে ব্যবহার অনুপযুক্ত অবস্থায় আছে। ইতোপূর্বে মেরামত করা হয়েছে। কিন্তু ব্যবহার উপযুক্ত করা সম্ভাব হয়নি। দাপ্তরিক কাজের প্রয়োজনে একটি মাল্টিফাংশনাল লেজার প্রিন্টার ক্রয়ের জন্য বাজেট প্রয়োজন।
অন্যান্য মনিহারী (৩২৫৫১০৫)	১৫০০০/-	দাপ্তরিক কাজের জন্য বিবিধ মালামাল ক্রয়ের জন্য।
ইন্টারনেট (৩২১১১১৭)	৪৫০০/-	২০২৫-২৬ অর্থ বছরে ১৮০০০/- বাজেট প্রদান করা হয়েছে। গত অর্থ-বছরের ইন্টারনেট বিল বকেয়া থাকায় ৪৫০০/- অতিরিক্ত বাজেট প্রয়োজন।
আপ্যায়ন ব্যয় (৩২১১১০৬)	২৪০০০/-	২০২৫-২৬ অর্থ বছরে ৩৫০০/- বাজেট প্রদান করা হয়েছে। মাসিক মিটিং আয়োজনের জন্য ২৪০০০/- অতিরিক্ত বাজেট প্রয়োজন।
টেলিফোন (৩২১১১২০)	৬০০০/-	গত জুন/২৪ মাস থেকে টেলিফোন বিল বকেয়া আছে। গত অর্থ বছরের বকেয়া বিল ২৪৭৮/- সহ এ অর্থ বছরের জন্য মোট ৬০০০/- বাজেট প্রয়োজন।
আসবাবপত্র (৪১১২৩১৪)	২০,০০০/-	ভিজিটর চেয়ার ক্রয়ের জন্য।
ভ্রমণ ব্যয় (৩২৪৪১০১)	৮০,০০০/-	সাভার উপজেলায় ২০২৫-২৬ অর্থ বছরে ভ্রমণ খাতে কোন বাজেট প্রদান করা হয়নি।
বদলী ব্যয় (৩২৪৪১০১২)	৭৬৮০/-	হাজীগঞ্জ, চাঁদপুর থেকে সাভার, ঢাকায় বদলী বাবদ ব্যয়ের বাজেট প্রয়োজন।
শ্রমিক মজুরি (৩২১১১৩৪)	২৪০০০/-	সাভার উপজেলা কার্যালয়ের কক্ষ পরিষ্কার ও বিবিধ কাজের জন্য একজন মহিলা কর্মরত আছেন। মাসে ২০০০/- টাকা প্রদান করা হয়। ১২ মাসে মোট ২৪০০০/- শ্রমিক মজুরি বাবদ বাজেট প্রয়োজন।
মোট=	২০৬,১৮০/- (দুই লক্ষ ছয় হাজার এক শত আশি টাকা মাত্র)	

০২। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৫-০২-২০২৬

ফাতেমা-তুজ-জাম্মাত

উপজেলা আইসিটি অফিসার

ইমেইল : ictofficersavar@gmail.com

প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.২০.০০০১.২৫.৬/১ (৪)

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। উপপরিচালক (প্রতিভূ), অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং
- ৪। সহকারী পরিচালক, অর্থ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।



Satena

১৫-০২-২০২৬

ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার